দৈনিক ইনকিলাব

261

তারিখ AUG 15 1999
পৃঃ 2 কলাম 7

## জালিয়াতির মাধ্যমে ভর্তি

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরো ১৬ জন ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জালিয়াতির মাধ্যমে ভর্তির অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরো ১৬ জন ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল করা হয়েছে। ভুয়া ভর্তির অভিযোগ প্রমাণিত হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সকল ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল করে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ না হয়েও অবৈধ

১৫-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## ভর্তি বাতিল

প্রথম পৃষ্ঠার পর

প্রক্রিয়ায় ভর্তি হওয়ায় ব্যাপারটি কর্তৃপক্ষের নিকট ধরা পড়লে কর্তৃপক্ষ গত মাসে ১ সপ্তাহ সময় দিয়ে এদেরকে শোকজ নোটিশ প্রদান করে। কিন্তু অভিযুক্তি এ সকল ছাত্র-ছাত্রী শোকজের জবাব দিতে ব্যর্থ হলে সম্প্রতি সিন্ডিকেটের সভায় এদের ভর্তি বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়। ইতোপূর্বে ভুয়া ভর্তির অভিযোগে প্রায় শতাধিক ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল করা হয়েছিল। ভর্তি শাখার সাথে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা এ ব্যাপারে উদ্বেগ প্রকাশ করে বলেন, দুর্নীতি এতই গভীরে প্রবেশ করেছে যে ভর্তি হওয়ার ৪/৫ বছর পরেও এ সকল অবৈধ প্রক্রিয়ায় ভর্তির ব্যাপারটি ধরা পড়ছে না। এ সকল ছাত্রছাত্রী মাস্টার্স শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার পর এদের অবৈধ ভর্তির ব্যাপারটি ধরা পড়েছে। এ বছর বাতিলকৃত ছাত্রছাত্রীদের মধ্যে ছাত্রীদের সংখ্যা বেশ আশংকাজনক। ভর্তি বাতিলকৃতদের মধ্যে ৯ জন ছাত্রী। এছাড়া ইতিপূর্বে বাণিজ্য অনুষদে এ এফ রহমান হলে এ ধরনের দুর্নীতি বেশী হলেও এবারে যাদের ভর্তি বাতিল করা হয়েছে তারা সকলেই সমাজ বিজ্ঞান ও কলা অনুষদের বিভিন্ন বিভাগে অবৈধ উপায়ে ভর্তি হয়েছে। ফলে এ ধরনের দুর্নীতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বত্র ছড়িয়ে পড়েছে বলে অভিজ্ঞ মহল আশংকা করছে। কর্তৃপক্ষ যদি অতিসত্বর যথাযথ ব্যবস্থা গ্রহণ না করে এবং যারা এ সকল দুর্নীতির সাথে জড়িত তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ না করে তাহলে এ ধরনের অনাকাংক্ষিত ঘটনা বন্ধ করা সম্ভব হবে না। বিভিন্ন শিক্ষাবর্ষে যাদের ভর্তি বাতিল করা হয়েছে তারা হচ্ছে ঃ '৯৩-৯৪ শিক্ষাবর্ষে ভর্তি বাতিলকৃত রাষ্ট্রবিজ্ঞান বিভাগের উর্মি আহমেদ, রোল ১৫৩৫, সমাজ বিজ্ঞান বিভাগের কাজী মালিকা কবীর ১ম বর্ষ রোল ১৫৩২, ইতিহাস বিভাগের সুবর্না বিশ্বাস ১ম বর্ষ রোল ১৫৩৭, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের তামান্নাই জেরিন ১ম বর্ষ রোল-১৫২৮, সমাজ বিজ্ঞান বিভাগের তানজিয়া আক্তার ১ম বর্ষ রোকেয়া হল, রোল ১৫৩৩, লোক প্রশাসন বিভাগের নাহিদা ইসলাম ইয়াসমিন ১ম বর্ষ রোকেয়া হল রোল ১৫৩৬, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের তারানুম রাজ্জাক ১ম বর্ষ রোকেয়া হল রোল-১৮১০, ইতিহাস বিভাগের খুরশিদা বেগম ১ম বর্ষ, রোকেয়া হল, রোল-১৯০১। '৯৫-৯৬ শিক্ষাবর্ষে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের জাহিদুল ইসলামের রোল ২৪৮, ভর্তি বাতিল করা হয়েছে। '৯৬-৯৭ শিক্ষাবর্ষে যাদের ভর্তি বাতিল করা হয়েছে তারা হচ্ছে ঃ রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মনির-উর রশীদ ১ম বর্ষ, রোল-২৭১, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাহমুদুল ইসলাম রাঁ, ১ম বর্ষ, এফ রহমান হল, রোল-২৬৯, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মোতাছিম বিল্লাহ ১ম বর্ষ এফ. রহমান হল, রোল-২৬৮, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাহমুদুল হাসান ১ম বর্ষ এফ. রহমান হল, রোল ২৭২, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের পারভীন আক্তার, ১ম বর্ষ, রোকেয়া হল, রোল-২৬৭, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাত সূত্রধার ১ম বর্ষ জগন্নাথ হল, রোল-২৭৩, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মশিউর রহমান ১ম বর্ষ, এফ. রহমান হল, রোল-২৬৬।